भारतीय गैर न्यायिक

10000 रु. Rs.10000

10000 रु. Rs.10000

10000 रु. Rs.10000 दस हज़ार रुपये

10000 रु. Rs.10000 RUPEES TEN THOUSAND

सत्यमेव जयते

10000 रु. Rs.10000

भारत INDIA

INDIA NON JUDICIAL

00AA 602470

Admissible under rule 21, ... Stamps ... under the Indian Stamp Act. 1899 Corrected upto 1974 Schedule I A No. 23 Fees Paid ... Process fees Rs. ...

u/r 3 (8) of the W.B. (Prevention of under [illegible] ... Rules 1994 ... market value ... 1,47,000/- and deficit stamp duty of ... 4700/- payable

- :মং ১০০০০০ , এক লক্ষ টাকা পন মুল্যের :-

নি:স্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল ।।

********************************************

**কোবালা গ্রহীতা :-** শ্রী সুবোধ কুমার মন্ডল , পিতা মৃত সত্য নারায়ণ মন্ডল , জাতি - হিন্দু , পেশা - ব্যবসা , সাং-৪৬।১ গাঙ্গুলী বাগান ইষ্ট রোড , থানা - যাদবপুর , কলিকাতা - ৭০০০৮৪ ।।

---

**কোবালা দাতাগণ :-** ১। শ্রী সন্ন্যাসী নস্কর ২। শ্রী নিশিকান্ত নস্কর ৩। শ্রী রতিকান্ত নস্কর , ৪। শ্রী শ্রীকান্ত নস্কর , সকলের পিতা স্বর্গীয় বিহারী লাল নস্কর , সর্ব জাতি হিন্দু পেশা ব্যবসা ও চাকুরী ।৫। শ্রী পালান নস্কর ৬। শ্রী ঝড়ু নস্কর , উভয়ের পিতা স্বর্গীয় বিপিন নস্কর জাতি হিন্দু পেশা - ব্যবসা,

১ হইতে ৬নং সাকিন এলাচি , নরেন্দ্রপুর , থানা-সোনারপুর , জেলা দক্ষিণ চব্বিশ পরগণা ।।

20 Rs.

সত্যমেব জয়তে

भारत

INDIA

२०रु.   20Rs.

TWENTY RUPEES



কস্য রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের স্থানীয় মাপে কমবেশী ৫কাঠা ১৪ ছটাক পরিমিত বাগান জমি পায় যাবতীয় আরুর আওলাতাদি সহ জমি সংলগ্ন রাস্তার উপর দিয়া চলাচলের ও ব্যবহারের যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ এবং মুক্ত অবস্থায় বিক্রয়ের শুভসাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যান্তাগে :-


জেলা দক্ষিণ চব্বিশ পরগণা , থানা ও সাব রেজিষ্ট্রী অফিস সোনারপুর পরগণা মাগুরা , মৌজা- এলাচি , তৌজি নং - ৩,৪,ও ৫ নং , জে এল:নং-৭০ হাল রাজপুর সোনারপুর মিউনিসিপ্যালিটীর অর্ন্তগত ২১ নং খতিয়ানের অধিন ৫৯ নং দাগ সহ অন্যান্য দাগের জমি জমার বার্ষিক ২টাকা ২ আনা ১০ পয়সা খাজনা জমার অর্ন্তগত উক্ত ২১ নং খতিয়ানের অধিন ৫৯ নং দাগে ১৩ শতক পরিমিত বাগান জমি জমাসহ অন্যান্য জমি জমা সাকিন এলাচি নরেন্দ্র পুর, থানা- সোনারপুর জেলা দক্ষিণ চব্বিশ পরগণা নিবাসী বিহারী লাল নস্কর ও বিপিন

নস্কর উভয়ের যৌথ ভোগ দখলীয় সম্পত্তি থাকে। উক্ত বিহারী লাল নস্কর ও বিপিন নস্কর উভয়েই যৌথ ভাবে উক্ত জমি জমা খাস দখলে রাখিয়া ভোগদখল করিয়া আসিতে থাকা কালিন উক্ত বিহারী লাল নস্কর কোনও রূপ উইলাদি না করিয়া অত্র কোবালা দলিলের ১ হইতে ৪ নং দাতাগণ কে পুত্রগণ ওয়ারিশান রাখিয়া পরলোক গমন করেন। এবং উক্ত বিপিন নস্কর কোনরূপ উইলাদি না করিয়া অত্র দলিলের ৫নং ও ৬ নং দাতাদ্বয় কে পুত্রদ্বয় ওয়ারিশান রাখিয়া পরলোক গমন করেন। আমরা অত্র দলিলের দাতাগণ হিন্দু উত্তরাধিকার আইন অনুসারে পৈত্রিক ওয়ারিশান সূত্রে উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি মালিক ও দখলিকার হইয়া যৌথ ভাবে এজমালে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে খাসে নির্বিবাদে ভোগ দখলিকার নিয়ত থাকা অবস্থায় সেটেলমেন্ট রেকর্ডে আমাদের নামে নাম চূড়ান্ত ভাবে রেকর্ডভুক্ত হইয়া লিপিবদধ রহিয়াছে। উক্ত প্রকারে আমরা অত্র কোবালা দলিলের দাতাগণ পৈত্রিক ওয়ারিশান সূত্রে তৎত্যাক্ত সম্পত্তির মালিক ও দখলিকার হইয়া সরকারী সেরেস্থায় নিদর্ধারীত খাজনাদি আদায় দিয়া অন্যের বিনা স্বত্ব সংশ্রবে অদ্যাবধি ভোগ দখল করিয়া আসিতেছি। উক্ত সম্পত্তিতে আমাদের মালিকানা স্বত্ব অদ্যাবধি বিদ্যমান রহিয়াছে। এবং উক্ত সম্পত্তিতে আমাদের অপর কোন সরিক বা অংশীদার নাই। উহাতে আমাদের বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব আছে।-

এক্ষনে আমাদের নানা বিধ বৈধ ও ন্যায় সঙ্গত কারনে নগদ অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত ২১ নং খতিয়ানের অধিন ৫৭নং দাগে কমবেশী ১৩ শতক পরিমিত বাগান জমির মধ্যে স্থানীয় মাপে কমবেশী ৫কাঠা ১৪ ছটাক পরিমিত বাগান জমি মায় যাবতীয় আকর আওলাতাদি সহ সম্পত্তি বর্তমান বাজার উচিত সর্ব্বোচ্চ পন মূল্য মবলগে ১০০০০০ এক লক্ষ টাকা পনে বিক্রয়

করিবার কথা ঘোষণা করিলে আপনি অত্র কোবালা দলিলের গ্রহীতা আমাদের ঘোষণার কথাবিশেষ ভাবে অবগত হইয়া উক্ত ধার্য্যকৃত পন মূল্য মবলগে ১০০০০০ একলক্ষ টাকা পনে খরিদ করিতে সম্মত হইয়া আমাদের নিকট প্রস্তাব করিলে আমরা অত্র দলিলের দাতাগণ আপনার প্রস্তাবে সম্মত হইয়া অদ্যকার তারিখে নিম্ন জায়মোতাবেক ধার্য্যকৃত পন মূল্য মবলগে ১০০০০০ এক লক্ষ টাকা অদ্যকার তারিখে আপনার নিকট হইতে গ্রহনকরিয়া ও তাহার প্রাপ্তি স্বীকার করিয়া অত্র সাফ কোবালা দলিল খানি আপনার নাম বরাবরে লিখাইয়া আপনার অনুকূলে অত্র সাফ কোবালা দলিলে সহি সম্পাদন পূর্ব্বক রেজিস্ট্রী কার্য্যাদি সম্পন্ন করিয়া দিয়া নিম্নে এতদ্বারা স্বীকার অঙ্গীকার, প্রকাশ প্রচার ও ঘোষণা করিতেছিযে :-

উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তিতে এযাবৎকাল আমাদের যাহাকিছু স্বত্ব স্বামিত্ব, দখল, লভ্য দখল অধিকারাদি ছিল ও আছে তাহা অদ্য হইতে আমাদের হইতে রদ ও রহিতহইয়া সম্পূর্ণ রূপে আপনার প্রতি বর্ত্তিল ও অর্পিল। আপনি অদ্য হইতে অত্র বিক্রীত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান দখলে মালিক দখলিকার হইয়া বর্ত্তমান মালিক সরকারে ও অন্যান্য অফিসাদিতে ও হাল রাজপুর সোনারপুর মিউনিসিপ্যালিটী অফিস এ আমাদের নামের পরিবর্ত্তে আপনার নিজ নাম পত্তন করত : ধার্য্য খাজনা ও করাদি যথারীতি আদায় দিয়া যদিচ্ছা সহকারে দান বিক্রয় বন্ধকাদি সর্ব প্রকার হস্তান্তর রূপান্তর অবস্থান্তর করনের ব্যাপক ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান গণক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমরা বায় আমাদের ওয়ারিশান গণক্রমে কেহ কস্মিন কালেও কোনও প্রকার দাবি দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না ও পারিবেক না। যদি



কেহ করি বা করে তবে তাহা অত্র কোবালা দলিল বনিয়াদে সর্বত্র সকা স্থানে ও সর্ব আদালতে বাতিল অগ্রাহ্য ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

প্রকাশ থাকেযে, অত্র বিক্রীত সম্পত্তি আমরা ইতি পূর্বে অন্য কাহারও নিকট দান বিক্রয়, বন্ধকাদির দ্বারা কোনও প্রকারে হস্তান্তর করি নাই বা করা হয় নাই। উহা কোনও প্রকার মামলা মোকদ্দমার বিষয়ী ভূক্ত সম্পত্তি নহে বা কাহারও খোর পোষের দায়ে আবদ্ধ নাই। উহা সরকার বা কোন বেসরকার প্রতিষ্ঠান কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা ঐ মর্মে কোনও নোটিশাদি হয় নাই। উহা কোনও প্রকার দেব সেবায় অর্পন করি নাই, সম্পূর্ণ নির্দায় নির্দোষ এবং মুক্ত অবস্থায় আমাদের খাস দখল স্বত্ব থাকা অবস্থায় আপনাকে বিক্রয় করিলাম এবং সম্পত্তিতে অদ্যই আপনাকে খাস দখল দিয়া উহা হইতে আমরা অত্র দলিলের দাতাগণ চিরতরে নি:স্বত্ব ও দখলচ্যুত হইলাম।

আরও প্রকাশ থাকে যে, আমাদের উপরি উক্ত উক্তি সমূহের মধ্যে কোনও একটি উক্তি মিথ্যা বা তঞ্চকী বলিয়া প্রকাশ পাইলে আমরা মাফিক আইন আমলে আসিব এবং বিক্রীত সম্পত্তিতে আমাদের স্বত্ব দখলের কোনও প্রকার দুর্বলতা বা গোলযোগ থাকাহেতু আপনার খরিদা স্বত্ব ও দখল পরিচালনে কোনও প্রকার বিঘ্ন সৃষ্টি হইলে বা উহা হইলে বেদখল হইলে অদ্য তারিখে আপনার প্রদত্ত পনের সমূদয় টাকা মায় যাবতীয় ক্ষতি খেসারতাদি আপনাকে এক কালিন ফেরতদিতে আমরা মায় ওয়ারিশান গণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম ও রহিবেক।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোনও প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় , তাহা হইলে আপনার তলব মত ও আপনার খরচায় সংশোধনী দলিলাদি বিনা পনে ও বেওজরে পুনরায় আপনার অনুকূলে আমরা অত্র দলিলের দাতাগণ মায় ওয়ারিশান গণক্রমে সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ও থাকিবেক ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে , সুজ্ঞানে স্বেচ্ছায় অন্যের বিনাপ্ররোচনায় ও বিনানুরোধে অত্র দলিলের ৩নং দাতাদলিলের প্রতিটি স্তবক স্বয়ং পাঠ করিয়া ও অন্যান্য দাতাগণ কে পাঠ করিয়া শুনাইলে আমরা দাতাগণ অত্র দলিলে লিখিত মর্ম্ম সম্যক রূপে অবগত হইয়া এবং ধার্য্য পনের সমুদয় টাকা নিম্ন জায়মোতাবেক নগদে এক কালিন আমরা অত্র দলিলের দাতাগণ আপনার নিকট হইতে গ্রহন করিয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র নি:স্বত্ব সাফ বিক্রয়কোবালা দলিল আপনার নাম বরাবরে টিপ সহিও সহি সম্পাদ পূর্বক রেজিস্ট্রী করিয়া দিলাম । ইতি তারিখ বাংলা সন- ১৪০৩ সালের - ২৭শে জৈষ্ঠ্য মোতাবেক ইংরাজী- ১৯৯৬সালের- ১০ই জুন ।

- : তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তির পরিচয় :-

*************************************

জেলা দক্ষিণ চব্বিশ পরগণা , থানা ও সাব রেজিস্ট্রী অফিস সোনারপুর পরগণা মাগুরা , রে : সা: নং - ২২৩ অত্র জেলা কালেকটারীর মহাল ৩,৪,ও ৫ নং তৌজি ভুক্ত জে এল:নং - ৭০ হাল রাজপুর সোনারপুর মিউনিসিপ্যালিটীর অন্তর্গত , মৌজা - এলাচি , হাল ২১ নং খতিয়ানের জমি জমার বার্ষিক ২ টাকা

২ আনা ১০ পয়সা খাজনা জমার অর্ন্তগত উক্ত ২১ নং খতিয়ানের অধিন ৫৯ উনষাট নম্বর দাগে কমবেশী ১০ তের শতক পরিমিত বাগান জমির মধ্যে স্থানীয় মাপে কমবেশী ৫ পাঁচ কাঠা ১৪ চৌদ্দ ছটাক পরিমিত বাগান জমি মায় যাবতীয় আকর আওলাতাদি সহ উক্ত জমি সংলগ্ন রাস্তার উপর দিয়া চলাচলের ও ব্যবহারের সর্ব্ব প্রকার রাইট অফ ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদি সমেত অত্র কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত জমি নকসায় লাল রংয়ের সীমারেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত করিয়া দেখান হইল। উক্ত নকসা খানি অত্র দলিলের একাংশ বলিয়া সর্বত্র গণ্য ও বিবেচিত হইবে। বিক্রীত জমির বার্ষিক হারাহারি খাজনা -৮০ পয়সা যাহা বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিণ চব্বিশ পরগণা কালেকটার বাহাদুর অধিনে সনসন আদায় দিতেছয়।

বর্তমানে বিক্রীত জমিতে ফল ফলাদির চাষাবাদ হইতেছে। বিক্রীত সম্পত্তি বর্তমান রাজপুর-সোনারপুর মিউনিসিপ্যালিটির অন্তর্গত হইতেছে :-

বিক্রীত জমির চৌহদ্দিদ :-

************************

উত্তর : - আর এস দাগ নং - ৬০।

দক্ষিণ : - আর, এস, দাগ নং - ৫৯।


পূর্ব্ব : - আর, এস দাগ নং - ৫৭।

পশ্চিম : - রাস্তা ২০´- ৬´।

# SITE PLAN OF R.S. DAG NO. 59 (PART) AT MOUZA-ELACHI, J.L. NO. 70, KHATIAN NO. 21, P.S. SONARPUR; DIST. 24-PARGANAS (SOUTH).

SCALE :- 1" = 20'-0".

AREA OF LAND :- 5 KT – 14 CH – 0 SFT. (MORE OR LESS) SHOWN IN RED BORDER.




SURVEYED BY :
Sri Dilip Nath
P.O. & Vill. KODALIA
P.S. SONARPUR.
L.C. NO. 0030
24-PARGANAS (SOUTH)

-: টাকার জায় :-

**********************

১০০ একশত টাকার নোট ১০০০ কেতায় - - - - - - ১,০০০০০ টাকা।

মবলগে একলক্ষ টাকা বুঝিয়া পাইলাম।

রতিকান্ত মন্ডল

সন্ন্যাসী মন্ডল

রতিকান্ত মন্ডল

অত্র দলিল খানি দাতাগনকে পাঠ করিয়া শুনাইলাম :-

রতিকান্ত মন্ডল

মুসাবিদাকারক :-

Ajay Kumar Sen.
Regd No. 744/168

এ্যাডভোকেট

আলিপুর পুলিশকোর্ট

কলিকাতা - ২৭।

টাইপ কারক :-

দীপক কুমার মন্ডল।

শ্রী দীপক কুমার মন্ডল

আলিপুর পুলিশকোর্ট

কলিকাতা - ২৭।

ইসাদী :-

1) Nemai Naskar
(NEMAI NASKAR)
VILL- ELACHI
P.O. - Narendrapur
P.S. - Sonarpur 24 Pgs (S)

2) Sukdev Naskar.
Vill - Elachi, P.O. - Narendrapur
Dist - 24 Pgs (S.) Pin - 743 508

3) Pradip Kr. Bose.
3/40, Vidyasagar Colony.
Cal - 47, P.S. Jadavpure.